১।

দৈনিক বাংলা

তারিখ ... 30 JUL 1995 ...
পৃষ্ঠা ৭৭ কলাম ... ৩...

# প্রধান শিক্ষকের অপসারণ দাবীতে ছাত্রদের ক্লাস বর্জন

স্টাফ রিপোর্টার ঃ চট্টগ্রাম, জুলাই।—চট্টগ্রাম কলেজ সংলগ্ন চট্টগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়ের ছাত্ররা স্কুলের প্রধান শিক্ষকের অপসারণের দাবীতে গত ছয়দিন ক্লাস বর্জন করে চলেছে।

জানা গেছে, চট্টগ্রাম সরকারী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোহাম্মদ ইছহাক স্কুলের একজন ছাত্রের মহিলা অভিভাবককে বোরকা পরে তার সাথে দেখা করার জন্য বাধ্য করা এবং অন্যান্য মহিলা অভিভাবকদের প্রতি অনুরূপ আচরণ করায় ছাত্র ও অভিভাবকদের মধ্যে প্রতিক্রিয়া দেখা দেয়। স্কুল ছাত্ররা প্রধান শিক্ষকের এহেন আচরণের বিরুদ্ধে ক্ষোভ প্রকাশ করে তাঁকে অপসারণের দাবীতে ক্লাস বর্জন করে। ছাত্রদের অভিযোগ, প্রধান শিক্ষক জামায়াতে ইসলামীর সমর্থক ও উক্ত দলের রাজনৈতিক আচরণ শুরু করেছেন, ছাত্র-অভিভাবকদের প্রতি। এদিকে গত ছয়দিন ধরে ছাত্রদের ক্লাস বর্জনের পর আজ চট্টগ্রাম মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদফতরের উপপরিচালক মোহাম্মদ শাহজাহান অনানুষ্ঠানিকভাবে ছাত্রদের সঙ্গে সমস্যা সমাধানের জন্য বৈঠকে মিলিত হন। ছাত্ররা উপপরিচালককে প্রধান শিক্ষকের অপসারণসহ ১৩ দফা দাবী পেশ করেছে।